

## ১২ নভেম্বরের জেএসসি-জেডিসি পরীক্ষাও পেছাল

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১০ নভেম্বর ২০১৯, ১৫:৫৩


আপডেট: ১০ নভেম্বর ২০১৯, ১৫:৫৪



প্রথম আলো ফাইল ছবি

ঘূর্ণিঝড় 'বুলবুল'-এর কারণে আগামী ১২ নভেম্বরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা পেছানো হয়েছে।

পরিবর্তিত সময়সূচি অনুযায়ী, ১২ নভেম্বরের জেএসসি পরীক্ষা হবে ১৪ নভেম্বর সকাল ১০টায়। আর জেডিসি পরীক্ষাটি হবে ১৫ নভেম্বর সকাল ৯টায়।



পরীক্ষা পেছানো ও পরিবর্তিত সময়সূচির বিষয়টি প্রথম আলোকে নিশ্চিত করেছেন ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক ও মাদ্রাসা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান কায়সার আহমেদ।

এ নিয়ে চলতি বছর তিন দিনের জেএসসি-জেডিসি পরীক্ষা পেছানো হলো।

এর আগে গতকাল শনিবারের জেএসসি ও জেডিসি পরীক্ষা পেছানো হয়। শনিবারের জেএসসির গণিত পরীক্ষা হওয়ার কথা ছিল ১২ নভেম্বর। সেটি আবার পিছিয়ে ১৪ নভেম্বর করা হয়েছে। আর শনিবারের জেডিসি পরীক্ষাটির তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে ১৪ নভেম্বর।

গত ১১ নভেম্বরের জেএসসি-জেডিসি পরীক্ষাও পেছানো হয়। ১১ নভেম্বরের জেএসসি পরীক্ষাটি হবে ১৩ নভেম্বর। আর জেডিসি পরীক্ষাটি হবে ১৬ নভেম্বর।